

## প্রেস বিজ্ঞপ্তি

### স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন চা শিল্পের উন্নয়ন কর্মকাণ্ড প্রদর্শন

চট্টগ্রাম, ২৭ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ: ‘স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ’ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, চট্টগ্রাম এর উদ্যোগে চট্টগ্রাম এম এ আজীজ স্টেডিয়ামের জিমনেশিয়াম মাঠে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী কর্মসূচিতে বাংলাদেশ চা বোর্ড এর স্টলে চা বোর্ডের প্রথম বাঙালি চেয়ারম্যান হিসেবে জাতির পিতার অবিস্মরণীয় অবদান এবং চা শিল্পের নানা উন্নয়ন কর্মকাণ্ড প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

বঙ্গবন্ধু ৪ জুন ১৯৫৭ খ্রিস্টাব্দ হতে ২৩ অক্টোবর ১৯৫৮ খ্রিস্টাব্দ পর্যন্ত প্রথম বাঙালি হিসেবে চা বোর্ডের চেয়ারম্যান পদে দায়িত্ব পালন কালে ঢাকার মতিঝিলে সরকারের বরাদ্দকৃত জমিতে চা বোর্ডের প্রধান কার্যালয় স্থাপন কাজ ত্বরান্বিতকরণ, চা শিল্পের সম্প্রসারণ, গবেষণা ও শ্রমিকদের জীবনমান উন্নয়নে অবিস্মরণীয় অবদান রাখেন। এছাড়াও স্বাধীনতা পরবর্তী যুদ্ধবিধ্বস্ত চা বাগান পুনর্গঠন, বাগান মালিকদের ভর্তুকি প্রদান এবং টি রিসার্চ স্টেশনকে পূর্ণাঙ্গ চা গবেষণা ইনস্টিটিউটে (বিটিআরআই) উন্নীতকরণের কাজটিও তিনি সম্পন্ন করেন।

চা শিল্পে বঙ্গবন্ধুর অবদান এবং তারই ধারাবাহিকতায় স্বাধীনতার ৫০ বছরে দেশে চা গবেষণা, উৎপাদন, চা আবাদ সম্প্রসারণ, সমতলে চা চাষে বিপ্লব, চা রপ্তানি, উন্নতমানের চা প্রদর্শন, চা সেবার ডিজিটালাইজেশন, শ্রমঘন চা শিল্পে নারীর অবদান, চা শ্রমিকদের কল্যাণ ও জীবনমান উন্নয়নে সরকার নানা কর্মকাণ্ড মাল্টিমিডিয়া প্রজেকশন এবং ব্যানার, ফেস্টুনের মাধ্যমে চা বোর্ডের স্টলে প্রদর্শন করা হয়েছে।

চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: জহিরুল ইসলাম, এনডিসি, পিএসসি বলেন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশে রূপান্তরে দেশের অন্যান্য শিল্পের মত চা শিল্পের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। দেশের অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে বাংলাদেশ বর্তমানে চা রপ্তানি করছে। এছাড়া দারিদ্র বিমোচনেও চা চাষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।



চিত্র: ২৬ মার্চ, ২০২১ খ্রি. তারিখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর অনুষ্ঠানে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।



চিত্র: 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী: স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, চট্টগ্রাম এর উদ্যোগে চট্টগ্রাম এম এ আজীজ স্টেডিয়ামের জিমনেশিয়াম মাঠে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী (২৭ ও ২৮ মার্চ, ২০২১ খ্রি. তারিখ) কর্মসূচিতে বাংলাদেশ চা বোর্ড এর স্টলে বোর্ডের কর্মকর্তাবৃন্দ।



দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
(এলজিইডি) জেলা: চট্টগ্রাম

বাংলাদেশের এক অনন্য অর্জন  
স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ  
দেশব্যাপী উদযাপন অনুষ্ঠান  
বাংলাদেশ চা বোর্ড

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী  
বাংলাদেশের এক অমূল্য অর্জন  
স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে

বাংলাদেশ চা বোর্ড  
১১৩-১১৬, বঙ্গবন্ধু সড়ক, ঢাকা-১১০০, বাংলাদেশ  
স্বাধীনতা মন্ত্রণালয়

বাংলাদেশ চা বোর্ড  
১১৩-১১৬, বঙ্গবন্ধু সড়ক, ঢাকা-১১০০, বাংলাদেশ  
স্বাধীনতা মন্ত্রণালয়

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে  
বাংলাদেশ